প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৪২/৪৩, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: **জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে নতুন ৩টি কমিশনারেট সৃষ্টি সংক্রান্ত।**

মহোদয়,

আমি নির্দেশিত হইয়া জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ শুল্ক, আবগারী ও ভ্যাট প্রশাসনকে পুনর্গঠন ও পুনর্বিন্যাসপূর্বক নিম্নবর্ণিত ৩(তিন)টি নতুন কমিশনারেট সৃষ্টির সরকারি আদেশ জ্ঞাপন করিতেছি:

| | সদর দপ্তরের অবস্থান |
|---|---|
| ১। শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, সিলেট | সিলেট শহর |
| ২। শুল্ক ভবন, বেনাপোল | বেনাপোল |
| ৩। বন্ড কমিশনারেট | ঢাকা শহর |

০২। সংস্থাপন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ এর সম্মতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হইল।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

[ও. এন. সিদ্দিকা খানম]
সিনিয়র সহকারী সচিব।

*উৎস: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-২: পৃ.৩৯।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-২(১)শুল্ক: রপ্তানি ও বন্ড/৯৭/ তারিখ: ০১/১১/২০০০

## অফিস আদেশ

বিষয়: **সম্পূর্ণ (একশভাগ) রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের (পোশাক শিল্প ব্যতীত) বন্ডেড ওয়্যারহাউস পরিচালনা প্রসঙ্গে।**

সম্পূর্ণ (একশভাগ) রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের (পোশাক শিল্প ব্যতীত) বন্ডেড ওয়্যারহাউস পরিচালনার ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশাবলি প্রতিপালনীয়:

১। বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের জন্য আবেদনকারী সকল রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম সবিস্তারে তদন্ত করে কাঁচামালের বার্ষিক আমদানির প্রাপ্যতা, এককালীন বন্ডিং ক্যাপাসিটি নিম্নবর্ণিত পদ্ধতিতে নির্ধারণপূর্বক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সে অবশ্যই লিপিবদ্ধ করতে হবে;

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানকে লাইসেন্সের আবেদন পত্রের সাথে মেশিনের উৎপাদন ক্ষমতা, উৎপাদিতব্য পণ্যের বর্ণনা, উৎপাদিতব্য পণ্য তৈরিতে প্রয়োজনীয় কাঁচামালের বর্ণনা ও এর পরিমাণ সম্পর্কে ঘোষণা দিতে হবে এবং মেশিনের





ক্যাপাসিটি যাচাইয়ের লক্ষ্যে মেশিনের প্রস্তুতকারক কোম্পানির ছাপানো ক্যাটালগ (ফটোকপি নয়) পেশ করতে হবে। অত:পর সহকারী কমিশনার বা তদূর্ধ্ব কর্মকর্তা কর্তৃক সরেজমিন তদন্ত/যাচাইয়ের পর প্রদত্ত প্রতিবেদনের ভিত্তিতে কমিশনার মেশিনের উৎপাদন ক্ষমতা চূড়ান্তভাবে নির্ধারণ করবেন। যেসব ক্ষেত্রে ছাপানো ক্যাটালগ পাওয়া যাবে না সেসব ক্ষেত্রে সহকারী কমিশনার বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা সংশ্লিষ্ট সমিতির প্রতিনিধির উপস্থিতিতে সরেজমিন তদন্ত/যাচাই করে ও অন্যান্য প্রতিষ্ঠানের একই স্পেসিফিকেশনস/ক্ষমতাসম্পন্ন মেশিনের ক্ষমতার ভিত্তিতে উৎপাদন ক্ষমতা বিষয়ে প্রতিবেদন পেশ করবেন। প্রাপ্ত এই প্রতিবেদনের ভিত্তিতে কমিশনার মেশিনের উৎপাদন ক্ষমতা চূড়ান্তভাবে নির্ধারণ করবেন। পরবর্তীতে মেশিনের কোন রকম পরিবর্তন, পরিবর্ধন করলে প্রয়োজনীয় কাগজপত্র পেশ করে উপরোক্ত প্রযোজ্য পদ্ধতিতে লাইসেন্সের প্রয়োজনীয় সংশোধন আনতে হবে।

(খ) প্লাস্টিক পণ্য উৎপাদনকারী সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের বেলায় প্রযোজ্য সদস্য সনদপত্র ও অন্য কোন ধরনের প্রত্যয়ন বাংলাদেশ প্লাস্টিকদ্রব্য প্রস্তুতকারক এসোসিয়েশন (বাণিজ্য মন্ত্রণালয় কতৃক অনুমোদিত ও জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক স্বীকৃত) থেকে নিতে হবে। এক্ষেত্রে কার্টন ম্যানুফ্যাকচারার এসোসিয়েশনের বা এক্সেসরিজ ম্যানুফ্যাকচারার এসোসিয়েশনের সদস্য সনদপত্র বা অন্য কোন রকম প্রতয়ন গ্রহণ করা যাবে না। তবে একই প্রতিষ্ঠান প্লাস্টিক পণ্য এবং কার্টনসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্য (Accessories) উৎপাদন করলে কার্টনের জন্য তাকে বাংলাদেশ করোগেটেড কার্টন ও এক্সেসরিজ ম্যানুফেকচারার এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশনেরও প্রত্যয়নপত্র নিতে হবে। সংশ্লিষ্ট সমিতির প্রত্যয়নপত্রে শিল্প প্রতিষ্ঠানটির পূর্ণাংগ পরিচিতি, প্রতিষ্ঠানের যন্ত্রপাতির বিবরণ, উৎপাদিতব্য পণ্যের বিবরণ, উৎপাদন ক্ষমতা, উৎপাদিতব্য পণ্য তৈরিতে প্রয়োজনীয় কাঁচামালের বিবরণ ও পরিমাণ ইত্যাদি উল্লেখ থাকতে হবে;

(গ) বন্ডেড ওয়্যারহাউজে স্থাপিত প্রতিটি প্রধান মেশিনের অর্থাৎ আমদানিকৃত/ সংগৃহীত কাঁচামাল সরাসরি যেসব মেশিনে ব্যবহার করা হবে সেসব মেশিনের মেশিনভিত্তিক উৎপাদন ক্ষমতা নির্ধারণ করতে হবে;

(ঘ) উল্লিখিত মেশিনারিজ দিয়ে কী কী পণ্য প্রস্তুত হয়, তা সরেজমিন প্রত্যক্ষ করে নিশ্চিত হবে হবে;

(ঙ) উৎপাদিত পণ্য প্রস্তুত করতে কী কী কাঁচামাল কী পরিমাণে (উপকরণ উৎপাদন সহগ) প্রয়োজন, তা সুনির্দিষ্টভাবে (গ্রেড/কাউন্ট/গ্রাম ইত্যাদি উল্লেখসহ) নির্ধারণ করতে হবে;

(চ) বার্ষিক উৎপাদন ক্ষমতা নির্ধারণের ক্ষেত্রে উৎপাদন কার্যকাল দৈনিক সর্বোচ্চ ১৮(আঠার) ঘন্টা এবং বার্ষিক সর্বোচ্চ ৩৫০ (তিনশত পঞ্চাশ) দিন ধরতে হবে।

২। বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের আওতায় আমদানিতব্য প্রতিটি কাঁচামালের বর্ণনা, এইচএস কোড ও পরিমাণ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সে লিপিবদ্ধ করতে হবে এবং একই এইচএস কোড ভুক্ত একাধিক কাঁচামালের ক্ষেত্রে পৃথকীকরণের জন্য বিশেষ কোন বৈশিষ্ট্য/স্পেসিফিকেশনস্ থাকলে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে (যেমন-পলি প্রোপাইলিন ও ইথিলিনের গ্রেডে, সুতার কাউন্টে, কাগজের গ্রামেজে ভিন্নতা রয়েছে)।

৩। নবায়ন সংক্রান্ত যাবতীয় দলিলাদি লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের ন্যূনতম ৩০(ত্রিশ) দিন পূর্বে বন্ডার লাইসেন্সিং অথরিটির নিকট পেশ করবেন এবং প্রয়োজনীয় সকল দলিলাদি ও আনুসঙ্গিক তথ্য উপস্থাপন করার ১৫(পনের) দিনের মধ্যে লাইসেন্সিং অথরিটিকে লাইসেন্স নবায়ন সম্পন্ন করতে হবে। কমিশনার নিজ যুক্তি প্রদর্শনপূর্বক লিখিত আদেশ দিয়ে নবায়নের জন্য সর্বোচ্চ ৭(সাত) দিন অতিরিক্ত সময় বৃদ্ধি করতে পারবেন।

৪। (ক) প্রতিটি বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সে প্রতিষ্ঠানটির বার্ষিক আমদানি প্রাপ্যতা এবং এককালীন বন্ডিং ক্যাপাসিটি লিপিবদ্ধ থাকতে হবে।

(খ) নতুন শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রথম বছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা স্থাপিত মেশিনের বার্ষিক উৎপাদন ক্ষমতার ভিত্তিতে এবং দ্বিতীয় বছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রথম বছরের রপ্তানি পারফরমেন্সের সাথে আরো শতকরা পঞ্চাশ ভাগ যোগ করে বার্ষিক নবায়ন তদন্তকালে পুনঃনির্ধারণ করতে হবে।

(গ) দু'বছরের অধিক পুরাতন শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বার্ষিক নবায়ন তদন্তকালে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সে লিপিবদ্ধ বার্ষিক আমদানি প্রাপ্যতা পুনঃনির্ধারণ করতে হবে। এক্ষেত্রে পূর্ববর্তী দু'বছরের গড় রপ্তানি পারফরমেন্সের সাথে আরও শতকরা পঞ্চাশ ভাগ যোগ করে বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করতে হবে।

(ঘ) উপরের (খ) ও (গ) তে বর্ণিত পদ্ধতিতে নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতার বেশি পরিমাণ পণ্য ঐ বছরে রপ্তানি করার মতো কোন সুনির্দিষ্ট তথ্যভিত্তিক সম্ভাবনা কোন প্রতিষ্ঠানের থাকিলে সেসব তথ্য ও দলিলাদিসহ নিয়ন্ত্রণকারী কমিশনারেটের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করলে বোর্ড পরীক্ষান্তে ও সন্তুষ্টিসাপেক্ষে প্রাপ্যতা যৌক্তিকভাবে বৃদ্ধির বিষয় বিবেচনা করতে পারে।

(ঙ) উপরোক্ত পদ্ধতিতে নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতা এবং কাঁচামালের গুদাম এর ধারণক্ষমতা এ দুয়ের মধ্যে যেটি কম সেটিই সর্বোচ্চ এককালীন বন্ডিং ক্যাপাসিটি হিসেবে বিবেচিত হবে। কাঁচামাল গুদামের ধারণক্ষমতা পরিমাপের সময় কাঁচামাল ওঠানো-নামানোর জন্য যুক্তিসঙ্গত পরিমাণ জায়গা খালি রাখতে হবে-যা কোনভাবেই গুদামের মোট ধারণক্ষমতার ১০% (দশ শতাংশ) এর কম হবে না।

৫। যেসব প্রতিষ্ঠানের নবায়ন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে, সেসব প্রতিষ্ঠানের ক্ষেত্রে নবায়ন তদন্তকালে উল্লিখিত বিষয়াদি পরীক্ষা করা না হয়ে থাকলে পর্যায়ক্রমে উল্লিখিত বিষয়াদি পরীক্ষা করা না হয়ে থাকলে পর্যায়ক্রমে উল্লিখিত বিষয়াদি পরীক্ষা করে কাঁচামালের বার্ষিক আমদানির প্রাপ্যতা, এককালীন বন্ডিং ক্যাপাসিটি, আমদানিতব্য পণ্যের বর্ণনা, পরিমাণ ও এইচ. এস. কোড ইত্যাদি নবায়িত সময়ের জন্য নির্ধারণ করে লাইসেন্সে লিপিবদ্ধ করতে হবে।





৬। লাইসেন্স নবায়নকালে পূর্ববর্তী সর্বশেষ কর বছরের আয়কর রিটার্ন দাখিলের দালিলিক প্রমাণ এবং সর্বশেষ নিরূপিত আয়কর আদেশের কপি পেশ করতে হবে। একইসঙ্গে প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের তালিকা এবং অডিট ফার্ম কর্তৃক নিরীক্ষিত বার্ষিক (আয়কর আইন অনুসারে যে বছরের অডিট সম্পন্ন হওয়ার কথা সে বছরের) অডিট রিপোর্টের কপি পেশ করতে হবে।

৭। সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের (পোশাক শিল্প ব্যতীত) লাইসেন্সের সরেজমিন নবায়ন তদন্তের দশ শতাংশ ডেপুটি কমিশনার পদমর্যাদার নিচে নয় এমন কর্মকর্তা কর্তৃক সম্পন্ন করতে হবে। যেখানে ডেপুটি কমিশনার নেই সেখানে সহকারী কমিশনার উল্লিখিত তদন্ত সম্পন্ন করবেন।

৮। প্রত্যেক লাইসেন্সিং অথরিটি, বর্তমান মেয়াদের হালনাগাদ বৈধ লাইসেন্সের তালিকা এই আদেশ জারির পনের দিনের মধ্যে এবং পরবর্তীতে নতুন লাইসেন্স ইস্যুর তথ্য সকল আমদানি শুল্ক ভবন/স্টেশন বরাবর যথাসময়ে প্রেরণ করবেন। আমদানি শুল্ক ভবন/স্টেশন মালামাল খালাসের সময় উক্ত তালিকার সাথে মিলিয়ে যথাযথ ক্ষেত্রে মালামাল খালাস করবে। কোন রকম ব্যত্যয়/ত্রুটি পরিলক্ষিত হলে, যথাবিহীত ব্যবস্থাগ্রহণকরত: পরবর্তী আইনগত ব্যবস্থাগ্রহণার্থে লাইসেন্সিং অথরিটিকে অবহিত করবে।

৯। সম্পূর্ণ রপ্তানিমুখী সকল শিল্পের ক্ষেত্রে এসআরও ১৫৩-আইন/৯৩/১৫১০/শুল্ক, তারিখ ০৩.০৮.৯৩ এর বিধি ৬ অনুসারে কাস্টমস পাসবই প্রথা চালু করতে হবে এবং প্রচ্ছন্ন রপ্তানিকারী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে লাইসেন্সিং অথরিটির বন্ড অফিসার সরবরাহকারীর (প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের) পাসবইয়ে রপ্তানি তথ্য এবং ক্রেতার (সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের) পাসবইয়ে আমদানি তথ্য লিপিবদ্ধ করবেন।

১০। এসআরও ১৫৩-আইন/৯৩/১৫১০/শুল্ক, তারিখ ০৩.০৮.৯৩ এ বর্ণিত পাসবইয়ের অতিরিক্ত হিসাবে প্রচ্ছন্ন রপ্তানিকারী শিল্প প্রতিষ্ঠানের লাইসেন্সিং অথরিটি সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান অর্থাৎ ক্রেতার অনুকূলে দুই কপি কাস্টমস পাসবই ইস্যু করবেন। যার এক কপি প্রচ্ছন্ন রপ্তানিকারী প্রতিষ্ঠানের বন্ড অফিসারের নিকট এবং এক কপি সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠান অর্থাৎ ক্রেতার নিকট থাকবে।

১১। জাতীয় রাজস্ব বোর্ড থেকে পাসবইয়ের নতুন ফরমেট জারি করার পূর্ব পর্যন্ত পোশাক শিল্পের জন্য নির্ধারিত পাসবইয়ে প্রয়োজনীয় পরিবর্তন করে, সম্পূর্ণ রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্পের আমদানি-রপ্তানি তথ্য লিপিবদ্ধ করতে হবে।

১২। প্রতিটি আমদানি শুল্ক ভবন/স্টেশন থেকে পণ্য খালাসের পরের দিনই খালাস তথ্য সংযুক্ত ছকে ফ্যাক্সযোগে এবং ডাকযোগে লাইসেন্সিং অথরিটি বরাবরে প্রেরণ করতে হবে। লাইসেন্সিং অথরিটি মালামাল যথাযথভাবে ইস-টু বন্ড হয়েছে কিনা তা নিশ্চিত করবে এবং উক্ত ফ্যাক্স বার্তা প্রাপ্তির সাত কার্যদিবসের মধ্যে বন্ড অফিসার ইন-টু বন্ড তথ্য এবং ইন-টু বন্ডের তারিখে বন্ডেড গুদামে মজুদের মোট পরিমাণ বি/ই-এর দ্বিতীয় কপিতে লিপিবদ্ধ করে আমদানি শুল্ক ভবন/স্টেশন বরাবরে প্রেরণ করবেন। সকল ক্ষেত্রে শুল্ক ভবন/স্টেশন পণ্য খালাসের তারিখ থেকে ৫(পাঁচ) দিনের মধ্যে আবশ্যিকভাবে ইন্টু বন্ড করতে হবে। ঐ সময় অতিক্রান্ত হওয়ার পূর্বে বন্ডার কারণ ব্যাখ্যা করে কমিশনারের নিকট আবেদন করলে কমিশনার নিজে লিখিত

আদেশ দিয়ে সর্বোচ্চ ৭ (সাত) দিন অতিরিক্ত সময় মঞ্জুর করতে পারবেন। এর যে কোন ব্যত্যয় শুল্ক আইনের শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হইবে।

১৩। কোন বি/ই-এর পণ্য ইন-টু-বন্ড করার সময় বন্ডেড ওয়্যারহাউসে মজুদ কাঁচামাল ও সংশ্লিষ্ট বি/ই-এর মাধ্যমে আমদানিকৃত পণ্যের মোট পরিমাণ যেন কোন অবস্থাতে এককালিন বন্ডিং ক্যাপাসিটি/কাঁচামালের বার্ষিক আমদানি প্রাপ্যতার অতিরিক্ত না হয় এবং বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সে লিপিবদ্ধ পণ্যের বর্ণনা ও এইচএস কোড বহির্ভূত কোন পণ্য ইন-টু-বন্ড না হয় তা বন্ড অফিসার নিশ্চিত করবেন।

১৪। কোন প্রতিষ্ঠান এককালীন বন্ডিং ক্যাপাসিটির অতিরিক্ত পণ্য এককালীন আমদানি করতে পারবে না। কোন প্রতিষ্ঠান সর্বোচ্চ এককালীন বন্ডিং ক্যাপাসিটি/বার্ষিক প্রাপ্যতার অতিরিক্ত কাঁচামাল আমদানি করছে কিনা তা আমদানি কাস্টম হাউস/স্টেশন কর্তৃক যাচাইয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (বন্ডার) কোন পণ্য খালাসকালে আমদানিকৃত পণ্যের বর্তমান মজুদ এবং বন্ডেড গুদামে রক্ষিত সকল পণ্যের মোট মজুদ সম্পর্কে ঘোষণা প্রদান করবে।

১৫। সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে, উৎপাদিত পণ্যের কাঁচামাল হিসেবে এইচডিপিই এর প্রয়োজনীয়তা যাচাই, এইচডিপিই এর সংশ্লিষ্ট গ্রেড ব্যবহারের প্রয়োজনীয় মেশিন আছে কিনা, থাকলে মেশিনটির উৎপাদন ক্ষমতা, কাঁচামাল গুদামের ধারণক্ষমতা ও প্রযোজ্য ক্ষেত্রে রপ্তানি পারফরমেন্স ইত্যাদি বিবেচনা করে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সে এইচডিপিই অন্তর্ভুক্ত করা যাবে।

১৬। প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান সাধারণভাবে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের আওতায় এইচডিপিই আমদানি করতে পারবে না। তবে অনুচ্ছেদ-১৫ অনুসরণে শুধুমাত্র সংশ্লিষ্ট কমিশনারের সুস্পষ্ট অনুমোদনক্রমে বিশেষ ক্ষেত্রে এইচডিপিই আমদানির অনুমোদন দেয়া যাবে এবং ঐ অনুমোদন সম্পর্কে বোর্ডকে অবহিত করতে হবে।

১৭। যেসব পণ্যের গ্রেড/স্পেসিফিকেশন রয়েছে সেসব পণ্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের আওতায় আমদানিকালে পণ্যের এল.সি, প্রফরমা ইনভয়েস ও ইনভয়েসে গ্রেড/স্পেসিফিকেশন (যেমন-গ্রাম, কাউন্ট, সাইজ ইত্যাদি) আবশ্যিকভাবে উল্লেখ থাকতে হবে। HDPE. LDPE. LLDPE এবং TPMC আমদানিকালে এল.সি, প্রফরমা ইনভয়েস ও ইনভয়েসে এদের গ্রেড উল্লেখ আছে কিনা তা শুল্ক ভবন/স্টেশনকে এবং বন্ড অফিসারকে ইন-টু-বন্ড করার সময় বিশেষভাবে খেলায় রাখতে হবে।

১৮। কোন প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ইউপি'র জন্য আবেদনকালে, ক্রেতার অনুকূলে ইস্যুকৃত ইউ, ডি/ইউপি'র অনুলিপি দাখিল করবে। এখানে উল্লেখ্য যে, কোন সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান, কোন প্রচ্ছন্ন রপ্তানিকারকের কাছ থেকে কাঁচামাল সংগ্রহ করতে চাইলে তার অনুকূলে ইস্যুকৃত ইউপি/ইউডি এর একটি অনুলিপি কাঁচামাল সরবরাহকারী অর্থাৎ প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যু করতে হবে। এক্ষেত্রে ইউডি/ইউপি'র তে ঈপ্সিত পণ্যের বর্ণনা, পরিমাণ, মূল্য, প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের নাম ইত্যাদি তথ্য উল্লেখ করতে হবে (বিজিএমইএ, বিকেএমইএ তাদের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করবে)।

১৯। ইপিজেড এ অবস্থিত কোন শিল্প প্রতিষ্ঠান ডোমেসটিক ট্যারিফ এরিয়া থেকে পণ্য ক্রয়কালে অর্থাৎ ডোমেসটিক ট্যারিফ এরিয়ার কোন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান যখন ইপিজেড এ অবস্থিত কোন শিল্প প্রতিষ্ঠানের নিকট পণ্য সরবরাহ করবে, সেক্ষেত্রে ইউপি ইস্যুকালে ইউপি ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট ইউডি/ইউপি (এই আদেশের অনুচ্ছেদ ১৮ তে বর্ণিত) এর পরিবর্তে ইপিজেড এ অবস্থিত শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে বেপজা কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতি পত্র ও ইনভয়েস এর কপি পেশ করতে হবে। এ লক্ষ্যে উক্ত আমদানি অনুমতি পত্র ও ইনভয়েসের কপি বেপজা ডোমেসটিক ট্যারিফ এলাকায় অবস্থিত শিল্প প্রতিষ্ঠান অর্থাৎ পণ্য সরবরাহকারী শিল্প প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট কমিশনার বরাবর প্রেরণ করবে।





২০। প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে রপ্তানি ঋণপত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার অন্তত: ৪৮(আটচল্লিশ) ঘণ্টা পূর্বে ইউপির জন্য আবেদনপত্র বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং অথরিটির ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বরাবর পেশ করতে হবে।

২১। প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে কোন সরবরাহ আদেশের মূল্য ৩০০০ (তিন হাজার) মার্কিন ডলার বেশি হলে নিয়মানুযায়ী ইন-ল্যান্ড-ব্যাক-টু-ব্যাক এলসি এবং ইউপি গ্রহণ না করে পণ্য সরবরাহ দেয়া যাবে না। ৩০০০ (তিন হাজার) মার্কিন ডলার মূল্য পর্যন্ত সরবরাহ আদেশের ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণে সমন্বয় করা যাবে।

(ক) প্রতিটি সরবরাহ আদেশের জন্য তারিখসহ একটি যথাযথ ও সম্পূর্ণ পৃথক (Unique) আদেশ নম্বর (Order number) থাকতে হবে;

(খ) সরবরাহ আদেশ, অবশ্যই শুল্ক সংক্রান্ত কাগজপত্র স্বাক্ষরের জন্য বন্ডার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত (authorized) কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে;

(গ) প্রতিটি সরবরাহ আদেশ ৪(চার) কপিতে জারি করতে হবে। প্রথম কপিটি সরবরাহকারী প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য, দ্বিতীয়টি ইউপি জারিকারী সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তার জন্য, তৃতীয়টি সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের নিজের জন্য এবং চতুর্থটি সরবরাহকারী প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের নিয়োজিত বন্ড অফিসারের জন্য।

(ঘ) সংশ্লিষ্ট সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান এ ধরনের সরবরাহ আদেশ দেয়ার সাথে সাথে একটি রেজিস্টারে তা লিপিবদ্ধ করবে, যাতে সরবরাহ আদেশ নম্বর ও তারিখ, রপ্তানি ঋণপত্র নম্বর ও তারিখ, ইউডি/ইউপি নম্বর ও তারিখ, পণ্যের বিবরণ, পরিমাণ, মূল্য, প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের নাম, সরবরাহের তারিখ, ইন-ল্যান্ড-ব্যাক-টু-ব্যাক ঋণপত্র নম্বর ও তারিখ (ঋণপত্র খোলার পর) ইত্যাদি লিপিবদ্ধ থাকবে;

(ঙ) আদেশ প্রাপ্ত প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান অনুরূপ রেজিস্টার সংরক্ষণ করবে যাতে উল্লিখিত তথ্যসমূহের সাথে ইউপি নম্বর ও তারিখ (ইউপি ইস্যুর পর) এবং ব্যবহৃত কাঁচামালের বিবরণ ও পরিমাণ লিপিবদ্ধ করতে হবে। প্রতিষ্ঠানটির দায়িত্বে নিয়োজিত শুল্ক কর্মকর্তা ঐ রেজিস্টারটি প্রতি স্বাক্ষর করবেন। ইউপি ইস্যুর পর ইউপি নম্বর ও তারিখ এবং ইন-ল্যান্ড ব্যাক-টু-ব্যাক ঋণপত্র নম্বর ও তারিখ লিপিবদ্ধ করতে হবে;

(চ) সরবরাহ আদেশের দ্বিতীয় কপিটি আদেশ ইস্যুর অনধিক সাত কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট ইউপি জারিকারী কর্মকর্তার কাছে পৌঁছাতে হবে;

(ছ) সরবরাহকৃত পণ্যের কাঁচামাল কোন অবস্থাতেই ৩ (তিন) মাসের বেশি সময়ের জন্য অসমন্বিত অবস্থায় রাখা যাবে না। ৩ (তিন) মাসের মধ্যেই ইন-ল্যান্ড ব্যাক-টু-ব্যাক ঋণপত্র খুলে এবং ইউপি গ্রহণ করে অবশ্যই কাঁচামালের সমন্বয় সাধন করতে হবে। পণ্য চালানসমূহের মূল্য নির্বিশেষে এই বিধান কার্যকর হবে।

২২। জারিকৃত ইউপির শর্ত মোতাবেক ইউপি জারির ১৮০ (একশত আশি) দিনের মধ্যে প্রসিডস রিয়ালাইজেশন সার্টিফিকেট দাখিল করতে হবে। যেক্ষেত্রে উক্ত সময়ের মধ্যে উক্ত সার্টিফিকেট জমা দিতে ব্যর্থ হবে- সেক্ষেত্রে তা না পাওয়া কারণ ও উহা সম্ভাব্য কত দিনের মধ্যে দিতে পারবে-উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ হতে ব্যাখ্যা পত্র দাখিল করতে হবে।

২৩। নতুন বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের ক্ষেত্রে ডেডো কর্তৃক নির্ধারিত উপকরণ উৎপাদন সহগ (Input-output coefficient) দাখিলের পূর্বে আমদানিকৃত কাঁচামাল ইন-টু-বন্ড করা বা ইউপি ইস্যু করা যাবে না। উল্লেখ্য যে, ডেডো কর্তৃক যে কোন একটি পণ্যের জন্য নির্ধারিত সহগ সেই একই পণ্য উৎপাদনকারী সকল বন্ডারের জন্য গ্রহণ করা হবে।

২৪। সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের আওতায় খালাসকৃত কাঁচামাল রপ্তানি এবং তদ্‌বিপরীতে লিয়েন ব্যাংক থেকে বৈদেশিক মুদ্রা আহরণ এবং কোন ক্ষেত্রে আমদানিকৃত কাঁচামাল বা তৈরি পণ্য অরপ্তানিকৃত থেকে গেলে (স্টক লট) তার পরিমাণ সম্পর্কিত তথ্যাদি উক্ত ব্যাংক বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ফরমে প্রতি তিন মাস অন্তর পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট এলসির বিপরীতে প্রদর্শন করে একটি বিবরণী কমিশনার অব কাস্টমস (বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং অথরিটি) এর নিকট প্রেরণ করবে এবং উক্ত সময়ের মধ্যে বিবরণী না পাওয়া গেলে কমিশনার অব কাস্টম (বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং অথরিটি) যথাবিহীত ব্যবস্থাগ্রহণ করবেন।

২৫। সম্পূর্ণ রপ্তানিমুখী সকল শিল্প প্রতিষ্ঠানের (পোশাক শিল্প ব্যতীত) বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের বৈধতার মেয়াদ ইস্যুর/নবায়নের তারিখ থেকে ১(এক) বছর হবে। বিশেষ ক্ষেত্রে কমিশনার মেয়াদ কম (আদেশে এ জন্য যৌক্তিকতা প্রদর্শন করতে হবে) ধার্য্য করতে পারবেন।

২৬। বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং অথরিটি তার আওতাধীন বন্ড অফিসারদের "কর্মবণ্টন তালিকা" এবং কমিশনার কর্তৃক তাদের সত্যায়িত স্বাক্ষর, দায়িত্ব গ্রহণের তারিখ উল্লেখপূর্বক দায়িত্ব গ্রহণের পূর্বে ফ্যাক্সযোগে এবং ডাকযোগে প্রত্যেক কাস্টম হাউস/স্টেশন বরাবর প্রেরণ করবে।

২৭। এই আদেশ জারি থেকে ছয় মাসের মধ্যে সকল বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স, এ আদেশের আলোকে সংশোধন করতে হবে। এই আদেশ প্রাপ্তির সাথে সাথে কমিশনারগণ স্ব স্ব অধিক্ষেত্রের লাইসেন্সসমূহ সংশোধনের মাসওয়ারী প্রোগ্রাম তৈরি করে বোর্ডে প্রেরণ করবেন এবং তদনুসারে ছয় মাসের মধ্যে সংশোধন সম্পাদন করে বোর্ডে বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করবেন।





২৮। এই আদেশ জারির পূর্বে ইস্যুকৃত আমদানি ঋণপত্রের মাধ্যমে আমদানিকৃত কাঁচামালের ক্ষেত্রে কাঁচামাল ব্যবহারের মেশিন আছে কিনা, উৎপাদন ক্ষমতা, সর্বোচ্চ এককালীন বন্ডিং ক্যাপাসিটি এবং রপ্তানিতব্য পণ্য তৈরিতে কাঁচামালের প্রয়োজনীয়তা পরীক্ষা করার পর পরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে ইন-টু-বন্ড ও ইউপি ইস্যু করা যাবে।

২৯। এই আদেশের আলোকে কাস্টম হাউস ও কমিশনারেটসমূহ তাদের বলবৎ স্থায়ী/অফিস আদেশ সংশোধন করবে।

৩০। এই আদেশের অনুচ্ছেদ ১৮ এর বিধান ১লা জানুয়ারী, ২০০১ থেকে কার্য্যকর হবে।

৩১। এই আদেশ কার্যকর হওয়ার তারিখ থেকে জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-২(১)শুল্ক-রপ্তানি ও বন্ড/৯৭/৯৩১-৯৪২, তারিখ ১৭.০৭.২০০০ এর মাধ্যমে জারিকৃত "অফিস আদেশ" ও ইহার সংশোধনী নথি নং-২(১) শুল্ক: রপ্তানি ও বন্ড/৯৭ তারিখ ২৮.৮.২০০০ইং বাতিল বলে গণ্য হবে।

(মো: মুজিবুর রহমান)
দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

**ছক**

........... তারিখে ইন-টু-বন্ড পদ্ধতিতে রিক্স বন্ডের বিপরীতে ............... অধিক্ষেত্রে অবস্থিত বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত শিল্প প্রতিষ্ঠানের দায়বদ্ধ গুদামে প্রেরিত আমদানি চালানের বিবরণী

| ক্র. নং | বন্ডারের নাম ও ঠিকানা | বন্ড নং | তারিখ | বি/ই নং | তারিখ | পণ্যের বিবরণ (যথার্থ স্পেসিফিকেশনস/ গ্রেড/গ্রাম ইত্যাদিসহ | পরিমাণ | শুল্কায়নযোগ্য মূল্য | শুল্ক করের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

*উৎস: মূল কপি।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

তারিখ: ১লা নভেম্বর, ২০০০

**১(৬)শু: ভ: প্র:-২/৯১** ।- রাজস্ব বোর্ডের অধীনস্থ শুল্ক, আবগারী ও ভ্যাট প্রশাসনের পুনর্গঠন ও পুনর্বিন্যাসের পরিপ্রেক্ষিতে বন্ড কমিশনারেট নামে একটি নতুন কমিশনারেট গঠিত হইয়াছে। উক্ত কমিশনারেট দেশের বিভিন্ন অঞ্চলের শতভাগ রপ্তানিমুখী ও অন্যান্য যাবতীয় বন্ড কেন্দ্রীয়ভাবে তদারকী করিবে। নব গঠিত বন্ড কমিশনারেটের অধিক্ষেত্র হইবে সমগ্র বাংলাদেশ।

০২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

[মো: ওয়াজি উল্লাহ]
দ্বিতীয় সচিব (শুল্ক প্রশাসন-২)

*উৎস: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-২: পৃ.৪১।*